27/39

Karabi Roy বিশ্বাস

Debabrata Roy

মোকাম নবদ্বীপে সিভিল জজ আদালত, নবদ্বীপ, জেলা নদীয়া।

দেং নং ৭০। ২০২২

বাদী : ১। করবী রায় (বিশ্বাস ) -৪১ বৎসর

স্বামী ৺ রতন কুমার রায়

২। দেবব্রত রায় (২৪)

পিতা ৺ রতন কুমার রায়

উঃ সাং পাতাল সাধু সরণী

থানা ও পোঃ নবদ্বীপ, জেলা নদীয়া।

Plaint filed on 20.4.22
Court fees filed Rs. 10-00
Deficit Court fees Nil
Correctly Stamped
Sheristader 20/4/22
Civil Judge Court Jr. Division
Nabadwip, Nadia

বনাম

বিবাদী : ১। নরেন্দ্রনাথ রায় (৬৮)

পিতা ৺ নারায়ণ চন্দ্র রায়

সাং পো চরব্রহ্মনগর, থানা নবদ্বীপ

জেলা নদীয়া।

মোকাবিলা বিবাদী : ১। আই সি নবদ্বীপ থানা,

থানা ও পোঃ নবদ্বীপ, জেলা নদীয়া।

স্বত্ব প্রচার ও চিরস্থায়ী নিষেধাজ্ঞা বাবাদ

নালিশী দাবী ১০০ টাকা।

---

বাদীর নালিশের বিবরণ এই যে-

১। তপশীল বর্ণিত সম্পত্তির পূর্বেকার মালিক ও দখলীকার ছিলেন ১ নং বাদীর স্বামী ও ২ নং বাদীর পিতা রতনকুমার রায়। রতন কুমার রায় উক্ত সম্পত্তির মালিক থাকা কালীন গত ইং ১৮.২.২০১৯ তারিখে পরলোকগমন করেন এবং তাহার মৃত্যুর পর বাদীগন হিন্দু ওয়ারিশন আইন অনুসারে নালিশী সম্পত্তির মালিক ও দখলীকার হন। বাদীগন ছাড়া রতন কুমার রায়ের আর কোন ওয়ারিশ নাই।

—২

Civil Judge, Junior Division, Nabadwip * Nadia *
FILED
2 0 APR 2022

Karabi Roy Biswas
Debabrata Roy



২। বর্তমান মামলায় ১ নং বিবাদী রতন রায়ের বড় ভাই হইতেছেন। রতন রায় এর মৃত্যুর পূর্বে অর্থাৎ ইং ১৫.১০.২০১১ তারিখে রতন রায় ১ নং বিবাদী বরাবর একটি আম রেজি: জেনারেল আম মোক্তার বা পাওয়ার অব এটোর্নি করিয়া যান। রতন কুমার রায় ইং ১৮.২.২০১৯ তারিখে পরলোকগমন করিবার পর আইনত: উক্ত পাওয়ার অব এটোর্নির কোন মূল্য বা গুরুত্ব নাই। বর্তমানে উক্ত আম মোক্তার আইনত : অচল হইতেছে। ১ নং বিবাদী উক্ত আম মোক্তার বলে রতন রায়ের পক্ষে আর কোন কাজ করিতে পারেন না এবং ১ নং বিবাদী রতন কুমার রায়ের আর আম মোক্তার নাই। উক্ত আম মোক্তার দেখাইয়া ১ নং বিবাদী আদালত বা কোন সরকারী ও বেসরকারী অফিসে কোন কার করিবার অধিকার নাই। ১ নং বিবাদী রতন কুমার রায়ের মৃত্যুর কথা না জানাইয়া এবং মৃত্যু সংবাদ গোপন করিয়া তথাকথিত আমমোক্তার বলে ১ নং বিবাদী বিভিন্ন তফতরে রতন কুমার রায়ের পক্ষে কাজ করিতেছেন যাহা ফৌজদারী অপরাধের সামিল হইতেছে।

৩। ১ নং বিবাদী তথাকথিত আম মোক্তার দিয়া নবদ্বীপ থানায় বাদীদের নামে ও আদালতে অভিযোগ করিতেছেন। নালিশী সম্পত্তির মালিক বর্তমানে বাদীগন হইতেছেন । ১ বিবাদী যাহাতে উক্ত আমমোক্তার বলে কোন সরকারী বা আধা সরকারী বা আদালতে কোন কাজ করিতে না পারেন তদবাবদ ১ নং বিবাদীর বিরুদ্ধে চিরস্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রি প্রয়োজন ও তথাকথিত আম মোক্তার বাতিলযোগ্য হইতেছে সেই মর্মে বাদীগন বর্তমান মামলা দাখিল করিতেছেন।

৪। গত ইং ১০.৪.২২ তারিখে ১ নং বিবাদী উক্ত আম মোক্তার বলে নালিশী সম্পত্তিতে জোর পূর্বক ঢুকিবার চেষ্টা করিলে বাদীগন ১ নং বিবাদীকে বাধা দেন তখন ১ নং বিবাদী আম মোক্তার দেখাইয়া জোর করিয়া নালিশী সম্পত্তিতে ঢুকিবার চেষ্টা করেন । ১ নং বিবাদী বাধা পাইয়ে সে নবদ্বীপ থানায় গিয়া আম মোক্তার দেখাইয়া নালিশী সম্পত্তিতে পুলিশ লইয়া যান । বাদীগন নবদ্বীপ থানার পুলিশ কে রতন রায়ের মৃত্যুর প্রমাণ পত্র দেখাইলে তাহারা চলিয়া যান।

—৩

FILED
2 0 APR 2022
Civil Judge, Junior Division, Nabadwip, Nadia

Karabi Roy Biswas

Debabrata Roy



তৎসত্ত্বেও ১ নং বিবাদী নালিশী সম্পত্তিতে ঢুকিবার চেষ্টা করিতেছেন।

৫। এই মামলায় নবদ্বীপ থানা কে মোকাবিলা বিবাদী করা হইল এবং তাহার বিরুদ্ধে কোন প্রতিকার চাওয়া হইল না কিন্তু মো: বিবাদীর উপস্থিতিতে মামলার কার্য্য হওয়া প্রয়োজন।

৬। মামলার কারণ ইং ১৫.১০.২০১১( আম মোক্তার দলিলের তারিখ ), ইং ১৮.২.২০১১( রতন কুমার রায়ের মৃত্যুর তারিখ ) ও ইং ১০.৪.২০২২ তারিখে উদ্ভূত হইয়াছে। নালিশী সম্পত্তি নবদ্বীপ থানার অন্তর্গত হইবার কারনে বর্তমান মামলা অত্র আদালতের বিচার্য্য হইতেছে।

৭। বাদীগণ ৪০ টাকার দাবীর উপর ১০ টাকার কোর্ট ফি দিয়া এই মামলা দাখিল করিয়া প্রার্থনা করিতেছেন যে-

ক। রতন কুমার রায় গতইং ১৫.১০.২০১১ তারিখে ১ নং বিবাদী বরাবর যে আম রেজি: আম মোক্তার বা পাওয়ার অব এটর্নী করিয়া ছিলেন তাহা রতন কুমার রায়ের মৃত্যুর সঙ্গে সঙ্গে বাতিল বা অকার্য্যকর হইয়া গিয়াছে বলিয়া স্বত্ব প্রচারের ডিক্রি দিতে আজ্ঞা হয়।

খ। ১ নং বিবাদী উক্ত আম মোক্তার দলিল বলে কোন সরকারী বা আধা সরকারী বা কোন আদালতে দাখিল করিতে না পারেন তদবাবদ বাদীদের অনুকূলে ও বিবাদীদের বিরুদ্ধে চিরস্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রি দিতে আজ্ঞা হয়।

গ। ১ নং বিবাদী যাহাতে উক্ত আম মোক্তার বলে নালিশী সম্পত্তিতে জোর পূর্বক প্রবেশ বা দখল লইতে না পারেন তদবাবদ বাদীদের অনুকূলে ও ১ নং বিবাদীর বিরুদ্ধে চিরস্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রি দিতে আজ্ঞা হয়।

ঘ। অন্যান্য প্রতিকার

ঙ। মামলার খরচা।

Civil Judge, Junior Division, Nabadwip
FILED
2 0 APR 2022
*Nadia*

Kanchi Roy Biswas
Debabrata Roy

তপশীল

১ নং দফা থানা নবদ্বীপ, জেলা নদীয়া মৌজা ২০, নবদ্বীপ।
জেলা নদীয়া , থানা নবদ্বীপ মৌজা - ২১ চরব্রহ্মনগর

| আর এস দাগ | খতিয়ান | পরিমান |
|---|---|---|
| ২৯১ | ২৫ | ৭০.৫ শতক |
| ঐ | ঐ | ৭০.৫ শতক |
| ঐ | ঐ | ১১৭.৩৩ শতক |
| ঐ | ঐ | ৫৮.৬৭ শতক |
| ২৮৩ | ২০ | ৫৪.০০ শতক |
| ২৪৭ | ২৮৫ | ৬২.০০ |
| ২৫৭ | | |
| ২৫৮<br>২৫৯ | ৭০৮ | ৫১.০০ |

মোট ৪৮৪.০০ শতক

২ নং দফা তপশীল

জেলা নদীয়া থানা নবদ্বীপ মৌজা-২২ ব্রহ্মনগর

| আর এস দাগ নং | খতিয়ান | পরিমান |
|---|---|---|
| ২২ | ৩০৭, ৩১৬<br>৪৮৮, ২৫৭<br>১২২ | ৭.০০ শতক |

৩ নং দফা তপশীল

| আর এস দাগ | খতিয়ান নং | পরিমান। |
|---|---|---|
| ৬৭৯৭, ১২৮৪৫ | ১৪৬৪ | ৩ শতক |

এল আর হাল
১২৯৩৬, ১০৬৭৮

Civil Judge, Junior Division, Nabadwip, Nadia
FILED
20 APR 2022

Karabi Roy Biswas

Debabrata Roy

## আম মোক্তারের বিবরণ

৫০ টাকার উপর টাইপে লেখা একটি আম রেজিঃ জেনারেল পাওয়ার অব এটোনী বা আম মোক্তার যাহার দাতা অধুনা প্রয়াত রতন কুমার রায় আম মোক্তার গ্রহীতা নরেন্দ্রনাথ রায় অর্থাৎ ১ নং বিবাদী। সম্পাদনের তারিখ ইং ১৫.১০.২০১১ (১৫.১০.২০১১), লেখক শ্রী মানস বনিক, এ্যাডভোকেট, নবদ্বীপ কোর্ট। উক্ত আম মোক্তার নোটারাইজ করা। উক্ত আম মোক্তার এই মামলার বিচার্য্য বিষয় হইতেছে।

GOVERNMENT OF WEST BENGAL
B. CHATTERJEE
NOTARY
★ NADIA ★

## হলফনামা

SL No 22-297 Dt 20-04-2022

আমি করবী রায় (বিশ্বাস ) স্বামী মৃত রতন কুমার রায় বয়স আনু ৪৯ বৎসর জাতি হিন্দু পেশা গৃহকর্ম সাং পাতাল আধু সরণী থানা ও পোঃ নবদ্বীপ। জেলা নদীয়া এতদ্বারা প্রতিজ্ঞাপূর্বক করিতেছি যে, এই মামলার সমস্ত বিবরণ আমার ও ২ নং বাদীর কথা মতো লেখা হইলও আমরা পড়ে সহি করিলাম। আমি আমার পক্ষে ও ২ নং বাদীর পক্ষে এই হলফনামা করিতেছি।

উক্ত বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

40

Karabi Roy Biswas

হলফকারী

শনাক্তকারী

Sourav Chakraborty

এ্যাডভোকেট।

Solemnly affirmed before me
Identification of an Advocate
20/04/2022
NOTARY
Govt. Of West Bengal
4060 J / 96
...ia at Nabadwip

20 APR 2022